

জেলা শিল্পকলা একাডেমি সিরাজগঞ্জ
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
www.shilpakala.sirajganj.gov.bd

স্মারক: ৪৩.২০.৮৮০০.০০১.৯৯.০০১.২২.৪৬২

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৯
০১ ডিসেম্বর ২০২২

প্রশিক্ষণ কেন্দ্রে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রণীত পাঠ্যক্রম অনুযায়ী এবং জেলা শিল্পকলা একাডেমি, সিরাজগঞ্জ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কেন্দ্রে শিশু ও উন্মুক্ত শাখায় সংগীত (উচ্চাঙ্গ ও সাধারণ), নৃত্য(উচ্চাঙ্গ ও সাধারণ), আবৃত্তি/ নাটক, চারুকলা/চিত্রাঙ্কন এবং তালযন্ত্র (তবলা) বিভাগসমূহে ০৪(চার) বছর মেয়াদী সার্টিফিকেট কোর্সে ২০২৩-২০২৬ শিক্ষাবর্ষে প্রশিক্ষণার্থী ভর্তির জন্য আহ্বান করা যাচ্ছে।
ভর্তির নিয়মাবলী ও শর্তসমূহ নিম্নরূপ:

ক্রমিক	কোর্সের নাম	প্রয়োজনীয় কাগজপত্র	বাৎসরিক কোর্স ফি সংক্রান্ত	ভর্তি কার্যক্রম সংক্রান্ত
০১.	সংগীত (উচ্চাঙ্গ)	ক) জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ০১(এক) কপি। খ) পাসপোর্ট সাইজ ছবি ০২(দুই) কপি।	প্রতিটি বিষয়ে ভর্তি ফি ২৫০/- এবং মাসিক ১৫০/- হারে বার্ষিক কোর্স ফি ১৮০০/- অর্থাৎ সর্বসাকুল্যে ২০৫০/-	ক) ভর্তি কার্যক্রম শুরু: ০১ ডিসেম্বর ২০২২ (অফিস চলাকালীন)
০২.	সংগীত (সাধারণ)			
০৩.	নাটক/আবৃত্তি			খ) ভর্তি আবেদন ফর্ম সংগ্রহ ও জমাদানের শেষ তারিখ : ২৮ ফেব্রুয়ারি ২০২৩ (অফিস চলাকালীন)
০৪.	নৃত্য (সাধারণ)			
০৫.	নৃত্য (উচ্চাঙ্গ)			
০৬.	চারুকলা			
০৭.	তালযন্ত্র (তবলা)			

০২। এখানে উল্লেখ্য যে, জাতীয় ও জেলা পর্যায়ে আয়োজিত বিভিন্ন জাতীয় দিবস, সাংস্কৃতিক উৎসব/অনুষ্ঠানসমূহে প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণের সুযোগ দেয়া হয়।

০৩। উচ্চতর প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় প্রতিটি বিষয়ে একাডেমির স্থানীয় প্রশিক্ষক ছাড়াও জাতীয় মানের অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা বিশেষ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।

০৪। কোর্স শেষে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের কে সনদপত্র প্রদান করা হয় যা তার উচ্চশিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সহায়তা করবে।

প্রাপক:

অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....
.....

(মো: মাহমুদুল হাসান)

জেলা কালচারাল অফিসার

জেলা শিল্পকলা একাডেমি, সিরাজগঞ্জ

ফোন: ০২-৫৮৮৮৩০৩০৪

ই-মেইল: shilpakalasirajganj@gmail.com

অনুলিপি সদয় অবগতির জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা।

০২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিরাজগঞ্জ।

০৩। অফিস কপি।